গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-খুলনা।

www.taxeszone-khulna.com

# “নিয়োগ বিজ্ঞপ্তি”

নথি নং-বিঃনিঃকঃ-২০২২/কর অঞ্চল-খুলনা/২০২২-২০২৩/৯৭ তারিখঃ ০২ অক্টোবর ২০২২ / ১৭ আশ্বিন ১৪২৯

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৩৭, তারিখঃ ০৩ ফেব্রুয়ারি ২০২১ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কর অঞ্চল-খুলনা'র শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে খুলনা বিভাগের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল-১০,২০০-২৪,৬৮০ | ৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সংক্রান্ত কোর্স)।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং কম্পিউটার টাইপিং এ সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে।<br>(ঘ) কম্পিউটার Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | খুলনা সিভিল বিভাগের অধীন সকল জেলা। |
| ২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল-১০,২০০-২৪,৬৮০ | ৩টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিট সর্বনিম্ন গতি যথাক্রমে ৭০ ও ৪৫ এবং টাইপিং এ সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে।<br>(গ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সংক্রান্ত কোর্স)। | |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০ | ১৪টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং কম্পিউটার টাইপিং এ সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে। | |
| ৪. | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০ | ২টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) হালকা ও ভারী গাড়ি চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০৩(তিন) বছরের গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা। | |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১. ০১ অক্টোবর ২০২২ তারিখে সাধারণ প্রার্থী এবং উপজাতি কোটার ক্ষেত্রে বয়স সীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ অনুযায়ী ২৫ মার্চ ২০২০ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন।

৩. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৪. সরকারি নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে এবং সরকার কোটা বিষয়ে যেরূপ সিদ্ধান্ত গ্রহণ করবেন নিয়োগ প্রক্রিয়া সেভাবে সম্পন্ন হবে।

৫. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ. প্রদান করা হবে না।

৬. এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৭. এ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-খুলনা'র ওয়েবসাইট www.taxeszone-khulna.com এ পাওয়া যাবে।

৮. উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৯. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্মস্থান সংক্রান্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রাথীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের অনুলিপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র।

ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধার সনদপত্র ও আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র। মুক্তিযোদ্ধা প্রার্থীর ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য থাকতে হবেঃ

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | (নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ সহ) | ১। লাল মুক্তি বার্তা নম্বর।<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর।<br>৩। গেজেট নম্বর ও তারিখ।<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ:<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ: (ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণ দাখিল করতে হবে) | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ। | |

চ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. ক্রমিক নং-০৪ এ বর্ণিত গাড়ী চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

জ. জাতীয় পরিচয়পত্র (NID)/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

ঝ. Online -এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

১১. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

১২. সকল প্রার্থীকে অনলাইনে http://ktax.teletalk.com.bd ওয়েব সাইটের মাধ্যমে ১৬ অক্টোবর ২০২২ সকাল ১০:০০ ঘটিকা হতে ১৪ নভেম্বর ২০২২ রাত ১১:৫৯ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে। উল্লিখিত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবেনা।

১৩. Online আবেদন প্রার্থী তার সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ Pixel x প্রস্থ ৩০০ Pixel), File size maximum 100 kb এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ Pixel x প্রস্থ ৮০ Pixel), File size maximum 60 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।

১৪. যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৫. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যাবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৬. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামত ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার/আবেদন ফি অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। ১-৪ নম্বর ক্রমিকের পদের জন্য ২২৪/-(দুই শত চব্বিশ) টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইন আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনে পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

**<u>SMS এর নিয়মাবলী:</u>**

প্রথম SMS: KTAX<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: KTAX ABCDEF

Reply: Applicant's Name TK 224 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type KTAX<space> Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: KTAX<space> Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: KTAX Yes 12345678

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for KTAX Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

দ্বিতীয় **SMS** টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ **Password** পাবেন। **SMS** এর মাধ্যমে প্রাপ্ত **User ID এবং Password** টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

১৭. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://ktax.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

১৮. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।**

১৯. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক. **<u>User ID</u>** <u>জানা থাকলে</u>: KTAX<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: KTAX Help User ABCDEF

খ. **<u>PIN Number</u>** <u>জানা থাকলে:</u> KTAX<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: KTAX Help 12345678

২০. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২১. কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-খুলনা এর নিয়োগ বিজ্ঞপ্তি, ও আবেদনপত্র পূরণের নিয়মাবলী, পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য http://ktax.teletalk.com.bd. পাওয়া যাবে।

২২. পত্রিকা ছাড়াও কর অঞ্চল-খুলনা www.taxeszone-khulna.com ওয়েব সাইট এর নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল alljobs. teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.taxeszone-khulna.com ওয়েবসাইট এবং নোটিশ বোর্ড হতে জানা যাবে।

২৩. যে কোন তথ্য ও কারিগরি সহায়তার জন্য Teletalk মোবাইল থেকে ১২১ অথবা ইমেইলে (alljobs.query@ teletalk.com.bd) যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটক জবপোর্টালের ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ

এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: KTAX, Post Name*****, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

২৪. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৫. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় হাতে নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৬. প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজ পত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-১-৭) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)
২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫. ক্রমিক নং-৪ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
৬. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৭. Online এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's Copy)

২৭. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটানীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

২৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৩০. এ নিয়োগ বিজ্ঞপ্তিটি কর অঞ্চল-খুলনা'র নিজস্ব ওয়েবসাইট www.taxeszone-khulna.com এ পাওয়া যাবে।

***কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।***

(সাজিদ খান)
উপ কর কমিশনার
সদর দপ্তর(প্রশাসন)
ও
সদস্য সচিব,
বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি,
কর অঞ্চল-খুলনা
ফোন ঃ ০২৪৭৭৭০১৯৮৩।